

- ২২। প্রতি রিমে ৫০০ তা কাগজ থাকলে, ঐরূপ ৩২৫টি রিমে কত তা কাগজ থাকবে?
ক ১৬২৫০০ খ ১৬৭৫০০ গ ১৬২৭০০ ঘ ১৭২৫০০
- ২৩। একটি বইয়ে ৪৩৯টি পৃষ্ঠা আছে। ঐরূপ ২০৩টি বইয়ে কয়টি পৃষ্ঠা আছে?
ক ৮৮২১৭ খ ৮৯১১৭ গ ২৭২১৭ ঘ ৭৯১১৭
- ২৪। একটি ক্যালকুলেটরের দাম ৭৭০ টাকা। ঐরূপ ১ ডজন ক্যালকুলেটরের দাম কত?
ক ৯১৪০ খ ৯৩৪০ গ ৯১৬০ ঘ ৯২৪০
- ২৫। একটি চাউলের গুদামে ৭২৬২টি চালের বস্তা আছে। ঐরূপ ১৭১টি গুদামে কতটি চালের বস্তা আছে?
ক ১২৪১৮০২ খ ১২৪১৪০২ গ ১২৪১২৩২ ঘ ১২৪০০৩২
- ২৬। $১০০২ \times ৯৯ =$ কত?
ক ৯৯১৯৯ খ ৯৯১৯৮ গ ৯৮১৯৯ ঘ ৯০১৯৮
- ২৭। একটি টেবিলের মূল্য ৫০০ টাকা। এরূপ ২৬১টি টেবিলের মূল্য কত টাকা?
ক ১০৪৪০০ খ ১০৫৫০০ গ ১১৪৪০০ ঘ ১৩০৫০০
- ২৮। গুণ্যকে গুণক দ্বারা গুণ করলে কী পাওয়া যায়?
ক যোগফল খ বিয়োগফল গ গুণফল ঘ ভাগফল
- ২৯। যে সংখ্যাকে গুণ করা হয় তাকে কী বলে?
ক গুণ্য খ গুণক গ গুণফল ঘ ভাগফল
- ৩০। নিচের কোন সংখ্যা দ্বারা গুণ করা হয়?
ক গুণ্য খ গুণক গ গুণফল ঘ ভাগফল
- ৩১। নিচের কোনটি সঠিক সূত্র?
ক গুণফল \times গুণ্য = গুণক খ গুণফল \times গুণক = গুণ্য
গ ভাজক \div ভাগফল + ভাগশেষ = ভাজ্য ঘ গুণ্য \times গুণক = গুণফল
- ৩২। গুণ করার সময় বড় সংখ্যাটিকে কী ধরা হয়?
ক গুণ্য খ গুণক গ গুণফল ঘ যোগফল

সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

- ০১। এক ব্যক্তির দৈনিক আয় ২৫০ টাকা। তার এক মাসের আয় বের করতে হলে কী করতে হবে?
উত্তর : ১ দিনের আয়কে ৩০ দ্বারা গুণ করতে হবে।
- ০২। চার অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যাকে ৯৯ দ্বারা গুণ করলে কত হবে?
উত্তর : $১০০০ \times ৯৯ = ৯৯০০০$ ।
- ০৩। গুণ্য তিন অঙ্কের বৃহত্তম সংখ্যা এবং গুণক তিন অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা হলে গুণফল কত?
উত্তর : $৯৯৯ \times ১০০ = ৯৯৯০০$ ।
- ০৪। এক বাস্তিলে ১০০ নোট থাকলে, ৫ টাকার ৫টি বাস্তিলে কত টাকা থাকবে?
উত্তর : $(১০০ \times ৫ \times ৫) = ২৫০০$ টাকা।
- ০৫। একটি সাইকেলের দাম ৪৮৫০ টাকা হলে, ১০টি সাইকেলের দাম কত?
উত্তর : $(৪৮৫০ \times ১০) = ৪৮৫০০$ টাকা।
- ০৬। ২১৭০ কে ১১০ দ্বারা গুণ করলে গুণফল কত হবে?
উত্তর : $(২১৭০ \times ১১০) = ২৩৮৭০০$ ।
- ০৭। গুণ্য ৬৩৮১ এবং গুণক ২১৫ হলে, গুণফল কত?
উত্তর : ১৩৭১৯১৫।
- ০৮। এক রিমে ৫০০ তা কাগজ থাকে। ৩০০টি রিমে কত তা কাগজ থাকবে?
উত্তর : ১৫০০০০ তা কাগজ।
- ০৯। একটি গুদামে ৮৩২৬ কেজি চাল আছে। এরূপ ৬০০টি গুদামে কত কেজি চাল আছে?
উত্তর : ৪৯৯৫৬০০ কেজি চাল।
- ১০। একটি নার্সারিতে ২৫৩৮টি চারাগাছ আছে। এরূপ ৪৮২টি নার্সারিতে কয়টি চারাগাছ আছে?
উত্তর : ১২২৩৩১৬ টি চারাগাছ।
- ১১। একটি বইয়ে ২০৩৮টি পৃষ্ঠা আছে। এরূপ ৪৩৯টি বইয়ে কতটি পৃষ্ঠা আছে?
উত্তর : ৮৯৪৬৮২ টি।
- ১২। গুণফল নির্ণয়ের সূত্রটি লেখ।

- উত্তর : গুণ্য × গুণক = গুণফল ।
- ১৩। গুণ্য কাকে বলে?
উত্তর : যাকে গুণ করা হয় তাকে গুণ্য বলে ।
- ১৪। গুণক কাকে বলে?
উত্তর : যা দ্বারা গুণ করা হয় তাকে গুণক বলে ।
- ১৫। গুণফল কাকে বলে?
উত্তর : গুণ করে যা পাওয়া যায় তাকে গুণফল বলে ।
- ১৬। যেকোনো সংখ্যাকে শূন্য (০) দ্বারা গুণ করলে গুণফল কত হবে?
উত্তর : গুণফল শূন্য (০) হবে ।

কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর

- ১১। একটি সমিতিতে ৩৭৫ জন সদস্য রয়েছে। প্রত্যেক সদস্য মাসে ৭৫ টাকা করে চাঁদা দেয়।
- (ক) মাসে মোট কত টাকা চাঁদা ওঠে? ২
- (খ) প্রত্যেক সদস্য ১০ টাকা কম চাঁদা দিলে মাসে মোট কত টাকা চাঁদা উঠত? ২
- (গ) প্রত্যেক সদস্য ৫০ টাকা বেশি চাঁদা দিলে মাসে মোট চাঁদার পরিমাণ কত হবে? ২
- (ঘ) প্রত্যেক সদস্য মাসে দ্বিগুণ হারে চাঁদা দিলে মাসে মোট চাঁদার পরিমাণ কত হবে? ২
- ১২। গ্রামের স্কুল মেরামতের জন্য ৩০০০০০ টাকা প্রয়োজন। গ্রামে ২৭৫টি পরিবার আছে। প্রত্যেক পরিবার স্কুল মেরামত বাবদ ৯৯০ টাকা করে জমা দেয়। স্কুলের একটি পুকুর বছরে ৬৫০০ টাকায় লিজ দেওয়া হয়।
- (ক) সর্বমোট কত টাকা জমা হবে? ২
- (খ) প্রশ্ন (ক) এর গুণটি প্রতীক ব্যবহার করে সহজ পদ্ধতিতে সমাধান কর। ২
- (গ) স্কুলটি মেরামত করতে অতিরিক্ত কত টাকা প্রয়োজন? ২
- (ঘ) পুকুর থেকে ৫ বছরে কত টাকা আয় হয়? ২
- ১৩। ৯৯৯ হলো তিন অঙ্কের বৃহত্তম সংখ্যা।
- (ক) সহজ পদ্ধতিতে প্রদত্ত সংখ্যার সাথে ৩৫ এর গুণফল বের কর। ২
- (খ) প্রদত্ত সংখ্যার সাথে ২ যোগ করে যোগফলের সাথে ৪৭ এর গুণফল নির্ণয় কর। (সহজ পদ্ধতিতে) ২
- (গ) উল্লিখিত সংখ্যার সাথে ১২ যোগ করে প্রাপ্ত যোগফলের সাথে ৫৪ এর গুণফল সহজ পদ্ধতিতে বের কর। ২
- (ঘ) সহজ পদ্ধতিতে গুণের মাধ্যমে দেখাও যে প্রদত্ত সংখ্যা থেকে ৯ বিয়োগ করে বিয়োগফলের সাথে ২৪ এর গুণফল ২৩৭৬০। ২
- ১৪। এক ব্যক্তির দৈনিক আয় ২৭৫ টাকা হলে— /১ মাস = ৩০ দিন ধরে/
- (ক) সাপ্তাহিক আয় কত? ২
- (খ) মাসিক আয় কত? ২
- (গ) ৬ মাসের আয় কত? ২
- (ঘ) বার্ষিক আয় কত? ২
- ১৫। একটি গুদামে চাল আছে ৩২৬৭ কেজি। প্রতি কেজি চালের মূল্য ৪২ টাকা।
- (ক) ১৪৫টি গুদামে কত কেজি চাল আছে? ২
- (খ) একটি গুদামে কত টাকার চাল আছে? ২
- (গ) ১১টি গুদামের চাল ধারণ ক্ষমতা নির্ণয় কর। (সহজ পদ্ধতি) ২
- (ঘ) যদি ১ কেজি চালের বিক্রয়মূল্য ৪৫ টাকা হয় তবে ১টি গুদামের চাল মোট কত টাকায় বিক্রয় করা যাবে? ২
- ১৬। আদনান সাহেব একটি রাইস মিলে কাজ করেন। তিনি দৈনিক আয় করেন ৩২০ টাকা। তিনি প্রতিদিন ব্যয় করেন ২৭৫ টাকা এবং বাকি টাকা সঞ্চয় করেন।
- (ক) আদনান সাহেবের মাসিক আয় কত? ২
- (খ) তিনি প্রতি সপ্তাহে কত টাকা সঞ্চয় করেন? ২
- (গ) এক বছরে তিনি কত টাকা আয় করেন? ২
- (ঘ) এক বছরের তিনি কত টাকা ব্যয় করেন? ২